Lens Asia

২ মার্চ, ২০২৬

# বাংলাদেশ সফরে আসছেন মার্কিন সহকারী পররাষ্ট্রমন্ত্রী পল কাপুর



সংগৃহীত ছবি

বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্ককে আরও শক্তিশালী করতে মঙ্গলবার (৩ মার্চ) ঢাকায় আসছেন যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী পল কাপুর। বিএনপি নেতৃত্বাধীন সরকারের দায়িত্ব গ্রহণের পর ওয়াশিংটনের এটি প্রথম উচ্চপর্যায়ের সফর।

দুই দিনের সফরে তিনি সরকারের শীর্ষ পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করবেন। আলোচনায় থাকবে দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ বাড়ানো, নিরাপত্তা সহযোগিতা জোরদার এবং ইন্দো-প্যাসিফিক অঞ্চলে অভিন্ন স্বার্থ এগিয়ে নেওয়ার বিষয়। ব্যবসায়ী নেতাদের সঙ্গেও তার বৈঠকের সূচি রয়েছে।

গত বছরের ফেব্রুয়ারিতে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তাকে এ পদে মনোনয়ন দেন। পরে মার্কিন সিনেটের পররাষ্ট্র সম্পর্কবিষয়ক কমিটির অনুমোদন পাওয়ার পর অক্টোবরে তার নিয়োগ চূড়ান্ত হয়।

LENS ASIA